

জাত পরিচিতি

বিআর৩ একটি উচ্চ ফলনশীল ধানের জাত, যা বোরো, আউশ এবং আমন তিন মৌসুমের জন্য অনুমোদিত। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ১৯৭৩ সালে জাতটি উদ্ভাবন করেছে। বিআর৩-এর জনপ্রিয় নাম বিপ্লব।

জাতের বৈশিষ্ট্য

- ▶ ধান গাছের উচ্চতা ৯৫ সেন্টিমিটার।
- ▶ এর চাল মাঝারি মোটা ও পেটে সাদা দাগ আছে।
- ▶ গাছ হেলে পড়ে না।
- ▶ ভাত ঝরঝরে।

জীবনকাল

এ জাতের জীবনকাল ১৭০ দিন।

ফলন

হেক্টর প্রতি ৬.৫ টন।



বিআর৩

১৯৭৪ সালে আন্তর্জাতিক ফলন প্রতিযোগিতায় বিআর৩ প্রথম স্থান অধিকার করে।

চাষাবাদ পদ্ধতি:

১. বীজ তলায় বীজ বপনঃ অগ্রাহরণ (১৫-৩০ কার্তিক (৩০ অক্টোবর- ১৪ নভেম্বর)।
২. চারার বয়সঃ ৪০-৪৫ দিন।
৩. রোপন দূরত্বঃ ২৫ X ১৫ সেঃমিঃ।

৪. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ

- ৪.১ ইউরিয়া টিএসপি এমপি জিপসাম জিংক
৩০-৪০ ৭-১৪ ৮-১৬ ৪-৮ ০.৭-১.৪

- ৪.২ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে জমি তৈরির শেষ পর্যায়ে,
চারার রোপনের ২০-২৫ এবং ৫৫ দিন পর প্রয়োগ করতে হবে।
প্রথম উপরি প্রয়োগের পর সার মাটির সাথে মিশিয়ে দিতে হবে।
তবে উপরি প্রয়োগের সময় এলসিসি ভিত্তিক ইউরিয়া প্রয়োগ করা উত্তম।

এলসিসির মাধ্যমে ইউরিয়ার
চাহিদা নির্ধারণ

৫. আগাছা দমনঃ রোপনের পর ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখা আবশ্যিক।
৬. সেচ ব্যবস্থাপনাঃ ধানের খোর অবস্থা থেকে চাল শক্ত হওয়া পর্যন্ত প্রয়োজনে সেচ দিলে ভাল ফলন পাওয়া যাবে।
৭. রোগ বালাই দমনঃ এ জাত ব্লাস্ট রোগ প্রতিরোধশীল এবং টুংরো ও খোলপোড়া রোগ সহনশীল।
কীটপতঙ্গ ও বালাই দমনে অনুমোদিত পদ্ধতি অনুসরণ করা যেতে পারে।
৮. ফসল পাকা ও কাটাঃ ৫-২০ বৈশাখ (১৮ এপ্রিল - ৩ মে)।